১৭।

দৈনিক ইনকিলাব

তারিখ ... 04 NOV 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ......

## অতি সত্বর ফলাফল প্রকাশ করা হোক

পরীক্ষা শেষ হবার পর ২ মাসের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে, এই মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কর্তৃক একটি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। গত বছর সিন্ডিকেট কর্তৃক গৃহীত এই সিদ্ধান্তের আংশিক প্রতিফলন অন্যান্য বিভাগে দেখা গেলেও আইন বিভাগে এর চরম ব্যত্যয় ঘটেছে। একই সাথে কিংবা পরে পরীক্ষা শেষ হয়ে প্রায় সব বিভাগের ফলাফল অনেক পূর্বেই প্রকাশ পেয়েছে। আইন বিভাগে ফল প্রকাশের দীর্ঘসূত্রতা আমাদের ভাবিয়ে তুলেছে। এ অবস্থায় একদিকে যেমন সিন্ডিকেট কর্তৃক গৃহীত সিদ্ধান্তের পরিপন্থী অন্যদিকে বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীর জীবনের মহামূল্যবান সময় নষ্ট হয়ে যাচ্ছে। ১৯৯৪ সালের আইন প্রিলিমিনারী ও ফাইনাল পরীক্ষা শুরু হয়েছিল গত বছরের নভেম্বর মাসে। বর্তমানে নভেম্বর মাস চলছে। পরীক্ষা শেষ হবার পরও ১১-১২ মাস পার হতে চলল অথচ ফলাফল প্রকাশের কোন আলামত পাওয়া যাচ্ছে না এবং এ ব্যাপারে কর্তৃপক্ষের নীরবতায় ছাত্র-ছাত্রী হতাশ এবং উদ্বিগ্ন। এমতাবস্থায় ১৯৯৪ সালের প্রিলিমিনারী ও ফাইনাল আইন পরীক্ষার ফলাফল অতি সত্বর প্রকাশের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

এ, কে, এম বদরুদ্দোজা,
৩৪৫/২, হাতীর পুল, ঢাকা।